

শিক্ষা

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে নবীনদের বরণ

বিজ্ঞপ্তি

প্রকাশ: ১৩ জুলাই ২০২৫, ১৮: ২৭



বিশ্ববিদ্যালয়ের স্থায়ী ক্যাম্পাসে অনুষ্ঠিত নবীনবরণ অনুষ্ঠানে বক্তব্য দেন ইউএপি বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারপারসন স্থপতি মাহবুবা হক ছবি: ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের সৌজন্যে

ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকের (ইউএপি) গ্রিন রোডের স্থায়ী ক্যাম্পাসে স্প্রিং-২০২৫ সেমিস্টারে ভর্তি হওয়া শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়েছে।

দিনব্যাপী নবীনবরণ অনুষ্ঠানের দুটি পৃথক সেশনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউএপি বোর্ড অব ট্রাস্টিজের (বিওটি) চেয়ারপারসন স্থপতি মাহবুবা হক এবং সিনিয়র ভাইস চেয়ারপারসন তাশমীম শায়েরা মঈন।

বিশেষ অতিথি ছিলেন শিক্ষাবিদ মোহাম্মদ কায়কোবাদ ও করপোরেট ব্যক্তিত্ব কামরান বকর। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউএপির উপাচার্য কামরুল আহসান।

প্রধান অতিথির বক্তব্যে মাহবুবা হক শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, ‘বিশ্ববিদ্যালয় হলো সেই স্থান, যেখানে তোমরা নিজেকে ও নিজের ভবিষ্যৎকে আবিষ্কার করবে।’

তাহমীম শায়েরা মুয়ীন বলেন, শৃঙ্খলা ও সহানুভূতির চর্চা একজন শিক্ষার্থীর চারিত্রিক বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এগুলোর চর্চাই একজন দায়িত্বশীল ও মানবিক নাগরিক গড়ে তোলে।

উপাচার্য কামরুল আহসান নবীনদের স্বাগত জানিয়ে বলেন, ‘ইউএপি তোমাদের একটি মানসম্মত ও শিক্ষার্থীকেন্দ্রিক শিক্ষার অভিজ্ঞতা দিতে দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ।’

স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এ কে এম নজরুল ইসলাম।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, শিক্ষার্থী ও অভিভাবকেরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শেষ পর্বে নবীন শিক্ষার্থীদের ও তাঁদের অভিভাবকদের অংশগ্রহণে বিশেষ সেশন অনুষ্ঠিত হয়। এতে তাঁরা বিশ্ববিদ্যালয়ের নীতিমালা ও শিক্ষাগত সুযোগ-সুবিধা সম্পর্কে বিস্তারিত জানতে পারেন।

